# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date 29-12-2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী বলেছেন, জাতির পথপ্রদর্শক সংবিধানের ৭৫ বর্ষ পূর্তিতে নাগরিকদের জন্য একটি ওয়েবসাইট খোলা হয়েছে। সেখানে ভিডিও আপলোড করার জন্য তিনি আজ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে সকলের প্রতি আর্জি জানান।

তপন সিনহা-র জন্ম শতবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন নরেন্দ্র মোদী।

২) প্রতিবেশী বাংলাদেশের অশান্ত পরিস্থিতির সুযোগ নিয়ে এরাজ্যে কেউ সুবিধে করতে পারবে না বলে রাজ্য পুলিশের মহা নির্দেশক জানিয়েছেন।

৩) সাত দিন পর বাঘিনী জিনাত অবশেষে বাঁকুড়ার জঙ্গলে বনকর্মীদের জালে ধরা পড়ল। তাকে আলিপুর চিড়িয়াখানায় নিয়ে আসা হচ্ছে।

৪) বাংলা, জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ফাইনালে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক তপন সিন্হার জন্ম শতবার্ষিকীতে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। আজ আকাশবাণীর ‘মন কি বাত’ অনুষ্ঠানে তিনি শতবর্ষে পা দেওয়া অন্যান্য বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্বের প্রতিও শ্রদ্ধা জানান।
(বাইট- MKB চলচ্চিত্র/ তপন সিন্হা)

মন কি বাত অনুষ্ঠানের ১১৭ তম পর্বে প্রধানমন্ত্রী আরও বলেছেন, সংবিধান হল জাতির পথপ্রদর্শক। আগামী ২৬-শে জানুয়ারি দেশের সংবিধান রূপায়নের ৭৫ বছর পূর্ণ হচ্ছে। ২৬

নভেম্বর **সংবিধান** দিবসে সূচনা হয়েছে বর্ষব্যাপী অনুষ্ঠানের। দেশের নাগরিকদের সংবিধানের ঐতিহ্যর সঙ্গে যুক্ত থাকার জন্য খোলা হয়েছে একটি **ওয়েবসাইট** । সংবিধানের প্রস্তাবনা আলাদা আলাদা ভাষায় পাঠ করে constitution75.com ওয়েবসাইটে আপলোড করা যাবে।

(বাইট – ওয়েবসাইট)

মন কি বাতের শ্রোতা ও স্কুল-কলেজ পড়ুয়ারা যাতে অবশ্যই এই ওয়েবসাইটে ভিডিও আপলোড করেন শ্রী মোদী তাদের প্রতি সেই অনুরোধ জানান।

প্রধানমন্ত্রী বলেন, আগামী **১৩'ই** জানুয়ারী থেকে উত্তরপ্রদেশের প্রয়াগরাজে যে মহাকুম্ভের আয়োজন করা হচ্ছে, সেখানে এবার পুন্যার্থীরা ডিজিটাল মহাকুম্ভের সাক্ষী হবেন। ডিজিট্যাল নেভিগেশনের মাধ্যমে মানুষ বিভিন্ন ঘাট, মন্দির এবং সাধুদের আখড়ায় পৌঁছতে পারবেন। এই প্রথমবার কুম্ভমেলায় AI-চ্যাটবট ব্যবহার করা হবে।

'মন কি বাত'-এ প্রধানমন্ত্রী **ম্যালেরিয়া** ও **ক্যানসারে**র বিরুদ্ধে ভারতের সাফল্যের কথা তুলে ধরে বলেন। স্বাধীনতার সময়ও সব থেকে বড় চ্যালেঞ্জের মধ্যে **ম্যালেরিয়া ছিল** অন্যতম । কিন্তু সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্টে জানা গেছে, ২০১৫ থেকে ২৩-এর মধ্যে ম্যালেরিয়া আক্রান্ত ও মৃতের সংখ্যা ৮০ শতাংশ কমে গেছে।

ক্যানসার রোগীর সময়মতো চিকিৎসা শুরু করার ক্ষেত্রে ভারত উল্লেখযোগ্য অগ্রগতি করেছে বলে বিশ্ববিখ্যাত মেডিক্যাল জার্নাল ল্যানসেট-এর গবেষণায় জানা গেছে। 'আয়ুষ্মান ভারত' প্রকল্প এক্ষেত্রে বড় ভূমিকা পালন করেছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

(বাইট – ক্যান্সার)

'মন কি বাতে' শ্রী মোদী জানান, লোকচক্ষুর অন্তরালে থাকা স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে 'KTB- ভারত হ্যায় হাম' নামে একটি অ্যানিমেশন সিরিজের দ্বিতীয় পর্ব শুরু হয়েছে। দূরদর্শনের পাশাপাশি অন্য OTT প্ল্যাটফর্মেও এটি দেখা যায়। **আকাশবাণী প্রতি রবিবার সকাল সাড়ে দশটায় কেটিবি সিরিজ সম্প্রচার করবে।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিবেশী বাংলাদেশের অশান্ত পরিস্থিতির সুযোগ নিয়ে এই রাজ্যে কেউ কিছু সুবিধা করতে পারবে না বলে রাজ্য সরকার জানিয়েছে। রাজ্য পুলিশের মহা নির্দেশক রাজীব কুমার আজ ভবানী ভবনে এক সাংবাদিক বৈঠকে বলেন রাজ্যের মানুষের সহযোগিতার ফলে জঙ্গি দমনে কলকাতা ও রাজ্য পুলিশ যথেষ্ট সক্রিয় থেকে নিঃশব্দে কাজ করছে। রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্সের দেওয়া

তথ্য থেকেই দুই দিন  গতিবিধির উপর নজর রেখে সম্প্রতি দক্ষিণ চব্বিশ পরগনার ক্যানিং থেকে কাশ্মীরের এক জঙ্গি সংগঠনের নেতাকে গ্রেপ্তার করা হয়েছে বলে তিনি দাবি করেন।

এই রাজ্যে তিনটি দেশের সীমান্ত জুড়ে থাকায় সীমান্ত রক্ষার দায়িত্বে থাকা বিএসএফ এর কাজের অনেক ঘাটতি রয়েছে বলেও রাজীব কুমার  জানিয়েছেন।

(বাইট – রাজীব কুমার)

পাশাপাশি পাসপোর্ট জাল করে অনুপ্রবেশের বিষয়ে পুলিশ আরও তৎপর হবে বলে জানিয়ে  তিনি বলেন,  আগামী দিনে বিভিন্ন পুলিশ জেলার পুলিশ সুপাররা পাসপোর্ট তদারকির কাজ করবে ।

ooooooooooooooooo

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী, সীমান্ত এলাকার পরিস্থিতি নিয়ে যথেষ্টই সজাগ রয়েছে বলে  বিএসএফের গুয়াহাটি ফ্রন্টিয়ারের আইজি সঞ্জয় গৌড় জানিয়েছেন। আজ কোচবিহারের রূপনগরে বিএসএফ ক্যাম্পে আয়োজিত আন্ত:ফ্রন্টিয়ার ক্রীড়া প্রতিযোগিতার সমাপ্তি অনুষ্ঠানে অংশ নিয়ে বলেন, অনুপ্রবেশ রুখতে বিএসএফ সদা সতর্ক। সীমান্তে অস্থিরতা বন্ধে এবং এলাকা সুরক্ষিত রাখতে তাঁরা দৃঢ়প্রতিজ্ঞ ।

oooooooooooooooooo

পাসপোর্ট জালিয়াতি কান্ডে অন্যতম মূল পান্ডা, ধৃত মনোজ গুপ্তকে আজ আলিপুর আদালতে তোলা হলে, দশই জানুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠিয়েছেন বিচারক। গতরাতে উত্তর ২৪ পরগণার গাইঘাটা থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। দু'দিন আগেই ঐ এলাকায় বাড়ি ভাড়া নেয় ঠাকুরপুকুরের বাসিন্দা মনোজ। বেহালার সখের বাজারে তার একটি ট্রাভেল এজেন্সি আছে বলে খবর। এর আড়ালেই প্রচুর টাকার বিনিময়ে জাল পাসপোর্ট তৈরীর কারবার চালাতো সে। পুলিশ জানিয়েছে, জাল নথি ব্যবহার করে পাসপোর্ট তৈরির চক্রের অন্যতম মাথা এই মনোজ।

উল্লেখ্য, ভুয়ো পাসপোর্ট মামলায় এপর্যন্ত মোট সাতজনকে গ্রেপ্তার করা হল।

ooooooooooooooooooo

**অবশেষে ধরাপড়ল বাঘিনী <u>জিনাত</u>। দিন সাতেক পর আজ বিকেল নাগাদ বাঁকুড়ার জঙ্গলে বন কর্মীদের জালে ধরা পড়ে ওড়িশার সিমলিপাল থেকে ঝাড়খন্ড হয়ে এরাজ্যে** আসা বাঘীনি । আজ দুপুরে ঘুম পাড়ানি গুলি ছুঁড়ে তাকে কাবু করা হয়। (তাকে এখন আলিপুর চিড়িয়াখানায় নিয়ে আসা হচ্ছে।)

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – দেবাশিষ মৌলিক)

এদিকে, মুখ্য বনপাল এস কুলান ডাইভেল কিভাবে অনেক চেষ্টা করে জিনাতকে কবজা করা সম্ভব হল তা জানিয়েছেন।

(বাইট – বনপাল)

উল্লেখ্য, গতকাল **পুরুলিয়ার জঙ্গল থেকে বাঁকুড়ার রানিবাঁধ থানার গোঁসাইডিহি গ্রাম লাগোয়া জঙ্গলে আশ্রয় নিয়েছিল জ়িনাত। রাতভর তাকে বন্দি করার চেষ্টা করেও ব্যর্থ হন বনকর্মীরা।**

**অন্যদিকে, বাঘিনী ধরা পড়ায় স্বস্তিতে** পুরুলিয়ার মানবাজার এলাকার মানুষ। বান্দোয়ান হয়ে মানবাজার দুই নং ব্লকের বোরোর জঙ্গলে ঘাঁটি গেড়েছিল জিনাত। বাঘিনী বন্দী হওয়ায় ফিরে যাচ্ছে এলাকায় মোতায়েন থাকা বনদফতরের গাড়ি। গুটিয়ে নেওয়া হচ্ছে জাল। স্বাভাবিক হচ্ছে জনজীবন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়া বর্ধমান মেইন শাখার মেমারি স্টেশনের ১ নম্বর প্লাটফর্মে আজ বিকেলে রেল লাইন পার হতে গিয়ে ট্রেনে কাটা পড়ে দুই মহিলার মৃত্যু হয়েছে। মৃতদের নাম ঝর্ণা ভুঁইয়া ( ৪০) এবং পাখি ভুঁইয়া (৩৮)।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, বাঁকুড়ার খাতরা থেকে একটি শিশু সহ ৬ জন, হুগলির খন্যানে আত্মীয়র বাড়িতে অনুষ্ঠানে যাচ্ছিলেন। বাঁকুড়া-মশাগ্রাম শাখার মশাগ্রাম স্টেশনে নেমে সড়কপথে মেমারি স্টেশনে যান তারা। মেমারী স্টেশনে টিকিট কেটে ওভারব্রিজে না উঠে তারা

রেললাইন পার হচ্ছিলেন। চারজন প্ল্যাটফর্মের ওপর উঠে পড়লেও বাকি দুজন রেল লাইন থেকে প্লাটফর্মে উঠতে পারেননি। সেই সময় ১ নম্বর প্লাটফর্ম দিয়ে ছুটে আসা ১৩০১১ আপ হাওড়া-মালদা টাউন ইন্টারসিটি এক্সপ্রেসের ধাক্কায় ঘটনাস্থলেই ২ জনের মৃত্যু হয়।

দুর্ঘটনার পর বেশ কিছুক্ষণ আপ লাইন দিয়ে ট্রেন চলাচল বন্ধ থাকে। ২ নম্বর প্লাটফর্মের রিভার্স লাইন দিয়ে বর্ধমান মুখী সমস্ত ট্রেন চালানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার মালতিপুরে আমবাগানে এক মহিলা খুনের ঘটনায় ধৃত যুবককে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। আবু তাহের নামে ওই ব্যক্তিকে গতকাল কাটোয়া থেকে গ্রেফতার করা হয়। তারপর তাকে নিয়ে আসা হয় চাঁচল থানায়। ধৃত তাহের ওই মহিলাকে বিয়ে করেছিল বলে পুলিশ জানিয়েছে। কিকারণে খুন, সেব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে তাহেরকে।

উল্লেখ্য, মালতিপুরের আমবাগানে শুক্রবার সকালে মহিলার দগ্ধ দেহ উদ্ধার হয়। সামসি, রায়গঞ্জ রেল স্টেশন সহ একাধিক এলাকায় সিসিটিভি ফুটেজের ভিত্তিতে গ্রেফতার করা হয় আবুকে । ফরেন্সিক বিশেষজ্ঞরা গতকাল ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার চম্পাহাটিতে বাজি কারখানায় গতকালের বিস্ফোরণে একজনের মৃত্যু ও কয়েকজন আহত হওয়ার প্রেক্ষিতে কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ ঘটনাস্থলে যান। দলে ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার । রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী প্রমুখ। বাজি কারখানায় বিস্ফোরণে হতাহতদের পরিবারের লোকজনদের সঙ্গে কথা বলেন তাঁরা। সবরকমভাবে সহযোগিতা ও পাশে থাকার বার্তাও দিয়েছেন।

উল্লেখ্য, চম্পাহাটির হাড়াল গ্রামে মজুত বাজিতে গতকাল বিস্ফোরণে পিন্টু মন্ডল নামে স্থানীয় এক বাজি ব্যবসায়ীর বাড়ি ভেঙে চুরমার হয়ে যায়। গুরুতর আহত হন পিন্টু সহ বেশ কয়েকজন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল সন্দেশখালি যাচ্ছেন। দুপুরে তিনি সেখানে একটি সরকারি অনুষ্ঠানে স্থানীয় বাসিন্দাদের হাতে বিভিন্ন সরকারি প্রকল্পের সুযোগ সুবিধা তুলে দেবেন।
অনুষ্ঠান মঞ্চ থেকে বেশ কিছু সরকারি পরিষেবারও তাঁর উদ্বোধন করার কথা বলে জেলা প্রশাসনের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা, জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ফাইনালে উঠেছে। হায়দরাবাদের গাচ্চিবৌলি ষ্টেডিয়ামে আজ প্রথম সেমি ফাইনালে বাংলা ৪-২ গোলে গতবারের চ্যাম্পিয়ন সার্ভিসেস কে হারিয়ে ছয় বছর পর ফাইনালে পৌঁছেছে।

বাংলার পক্ষে রবি হাঁসদা দুটি, মনোতোষ মাজি ও নরহরি শ্রেষ্ঠা একটি করে গোল করেছেন। সার্ভিসেসের শ্রেয়স গোপালন একটি গোল করেন। অপর গোলটি আত্মঘাতী।

৩২ বারের বিজয়ী বাংলা এই নিয়ে ৪৭ বার সন্তোষ ট্রফির ফাইনালে উঠল।

মঙ্গলবার ফাইনালে বাংলা, কেরল ও মণিপুরের মধ্যে দ্বিতীয় সেমিফাইনালের বিজয়ী দলের বিরূদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০